দৈনিক
ইত্তেফাক

0 4 NOV 2016
তারিখ ~~0 5 NOV 2016~~
পৃষ্ঠা ৫ কলাম ৬
0 4 NOV 2016

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

# প্রগতিশীল শিক্ষক সমাজের ১৩ জনের সদস্যপদ বাতিল

■ রংপুর প্রতিনিধি

সংগঠন বিরোধী কার্যকলাপের অভিযোগে রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের আওয়ামী লীগ পন্থি ও প্রগতিশীল শিক্ষকদের সংগঠন মুক্তিযুদ্ধের চেতনায় প্রগতিশীল শিক্ষক সমাজের ১৩ সদস্যের সদস্য পদ বাতিল করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে সংগঠনের আহ্বায়ক অধ্যাপক ড. সরিফা সালোয়া ডিনার সভাপতিত্বে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভায় তাদের সদস্য পদ বাতিল করা হয়। সদস্যপদ বাতিলকৃত শিক্ষকরা হলেন, বাংলা বিভাগের অধ্যাপক ড. সাইদুল হক (শিমুল মাহমুদ), অধ্যাপক ড. নাজমুল হক, অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আমির শরীফ, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক ড. শফিকুর রহমান (শফিক আশরাফ), ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক সাজিয়া আফরিন, ইতিহাস ও প্রত্নতত্ত্ব বিভাগের সহকারী অধ্যাপক মোঃ গোলাম রব্বানী, ইংরেজি বিভাগের প্রভাষক মোহসীনা আহসান, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সুবরণ চন্দ্র সরকার, পরিসংখ্যান বিভাগের সহকারী অধ্যাপক মোঃ শাহজামান, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক ড. নিতাই কুমার ঘোষ, ইতিহাস ও প্রত্নতত্ত্ব বিভাগের প্রভাষক মোঃ আকতারুল ইসলাম, লোকপ্রশাসন বিভাগের প্রভাষক মোঃ জুবায়ের ইবনে তাহের এবং পদার্থ বিজ্ঞান বিভাগের প্রভাষক বকুল কুমার চক্রবর্তী।